



## ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রাক-বাজেট আলোচনা আজ

প্রকাশিত: ১০ - মে, ২০১৮ ১২:০০ এ. এম.

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ২০১৮-২০১৯ অর্থবছরের জাতীয় বাজেট সম্পর্কে একটি ‘প্রাক-বাজেট’ আলোচনা সভা আজ। বিশ্ববিদ্যালয়ের সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসির উদ্যোগে বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবনের প্রফেসর মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে ‘এসডিজি বেসড বাজেট ইন বাংলাদেশ স্পেশাল রেফারেন্স টু দি সোশ্যাল সেক্টর’ বিষয়ে আলোচনা করা হবে।- খবর বাসস’র।

সভায় প্রধান অতিথি থাকবেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মোঃ আখতারুজ্জামান। অংশগ্রহণ করবেন জাতীয় সংসদ সদস্য কাজী রোজি, বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ্জামান, অর্থনীতিবিদ এবং যুক্তরাজ্যের কমনওয়েলথ সচিবালয়ের আন্তর্জাতিক বাণিজ্য শাখার সাবেক প্রধান ড. এম এ রাজ্জাক। মূল আলোচক থাকবেন বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. বজলুল হক খন্দকার এবং সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসির পরিচালক ও উন্নয়ন অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এম আবু ইউসুফ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By  
**Bikiran.Com**